গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-২ শাখা]
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০২১.০৪.২৭০.১৩- ৫৯৫

তারিখ : ১৭ আশ্বিন ১৪২৫
০২ সেপ্টেম্বর ২০১৮

বিষয় : বাংলাদেশ সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ১৫৪৩৬/২০১২ এর গত ৩০/০৭/২০১৩ তারিখের রায় বাস্তবায়নের জন্য ডিমান্ড জাস্টিস নোটিশ প্রসঙ্গে।

সূত্র : ১) এ বিভাগের আইন-২ শাখার ২৪/০৫/২০১৮ তারিখের ৩০৩ সংখ্যক স্মারক।
২) এ বিভাগের পাস-১ শাখার ১৯/০৮/২০১৮ তারিখের ১৫৮ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন "৩৭ জেলা শহরে পানি সরবরাহ" প্রকল্পে সাকুল্য বেতনে কর্মরত উপ-সহকারী প্রকৌশলী জনাব প্রশান্ত কুমার বোসকে উক্ত অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত সহকারী প্রকৌশলী পদে এডহক ভিত্তিতে নিয়োগের জন্য তিনি পিটিশনার হয়ে হাইকোর্ট বিভাগে ৫৮৮৬/২০১৩ নং রিট পিটিশন দায়ের করেন। উক্ত রিট পিটিশনে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাসহ যাবতীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত ১নং স্মারকে তাঁকে দায়িত্ব প্রদান করা হয়।

২। এমতাবস্থায়, বর্ণিত মামলার বিষয়ে আইন-১ অধিশাখাকে গত ২৫/০২/২০১৫ তারিখের ৩৬৩ সংখ্যক স্মারকে যাচিত একটি প্রতিবেদন বিজ্ঞ সলিসিটর বরাবরে অগ্রায়ন করা হয়েছে মর্মে পরিলক্ষিত হয় (কপি সংযুক্ত)। উক্ত প্রতিবেদন বিজ্ঞ সলিসিটর, আইন ও বিচার বিভাগ কর্তৃক বিজ্ঞ আদালতে উপস্থাপন/জমা দেয়া হয়েছে কিনা তার তথ্যসহ মামলার সর্বশেষ অবস্থা সম্পর্কে পত্র পাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে এ বিভাগের আইন-২ শাখাকে অবহিত করার জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হল।

সংযুক্তঃ বর্ণনামতে ....৪.... ফর্দ।

০২.০৯.১৮
(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব (আইন-২)
ফোন: ৯৫৪০১৯৭
ই-মেইল: dslaw2.lgd.gov@gmail.com

জনাব এম.এ সালাউদ্দিন ইস্কান্দার কিং
বিজ্ঞ প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি / কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. যুগ্মসচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ;
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৪. অফিস কপি/মাষ্টার কপি।